

সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নম্বরঃ ৩৫৭৫

৫১/ দু'আ রাসুলুল্লাহ (ﷺ) থেকে বর্ণিত (كتاب الدعوات عن رسول الله ﷺ)

পরিচ্ছেদঃ সুদিনের অপেক্ষা করা ইত্যাদি

باب في انتظار الفرج وغير ذلك

আরবী

حَدَّثَنَا عَبْدُ بْنُ حُمَيْدٍ، حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ إِسْمَاعِيلَ بْنِ أَبِي فُدَيْكَ، حَدَّثَنَا ابْنُ أَبِي ذُنْبٍ، عَنْ أَبِي سَعِيدٍ الْبَرَّادِ، عَنْ مُعَاذِ بْنِ عَبْدِ اللَّهِ بْنِ خُبَيْبٍ، عَنْ أَبِيهِ، قَالَ خَرَجْنَا فِي لَيْلَةٍ مَطِيرَةٍ وَظُلْمَةٍ شَدِيدَةٍ نَطْلُبُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يُصَلِّيَ لَنَا - قَالَ - فَأَدْرَكْتُهُ فَقَالَ " قُلْ " . فَلَمْ أَقُلْ شَيْئًا ثُمَّ قَالَ " قُلْ " . فَلَمْ أَقُلْ شَيْئًا . قَالَ " قُلْ " . قُلْتُ مَا أَقُولُ قَالَ " قُلْ " : (هُوَ اللَّهُ أَحَدٌ) وَالْمُعَوِّذَتَيْنِ حِينَ تُمْسِي وَتُصْبِحُ ثَلَاثَ مَرَّاتٍ تَكْفِيكَ مِنْ كُلِّ شَيْءٍ " . قَالَ أَبُو عِيسَى وَهَذَا حَدِيثٌ حَسَنٌ صَحِيحٌ غَرِيبٌ مِنْ هَذَا الْوَجْهِ وَأَبُو سَعِيدٍ الْبَرَّادُ هُوَ أَسِيدُ بْنُ أَبِي أَسِيدٍ مَدَنِيٌّ .

বাংলা

৩৫৭৫. আবদ ইবন হুমায়দ (রহঃ) আবদুল্লাহ ইবন খুবায়ব তাঁর পিতা থেকে বর্ণিত, তিনি বলেনঃ এক বর্ষণমুখর রাতে গভীর অন্ধকারে আমাদের জন্য দু'আ করার উদ্দেশ্যে আমরা রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে তালাশ করতে বের হলাম। এক স্থানে গিয়ে আমি তাঁকে পেলাম। তখন তিনি বললেনঃ বল, আমি কিছুই বললাম না। তিনি আবার বললেনঃ বল আমি কিছুই বললাম না। পুনরায় তিনি আমাকে বললেনঃ বল। আমি বললামঃ কি বলব? তিনি বললেনঃ সকাল-সন্ধ্যায় কুল হুয়াল্লাহু আহাদ এবং মুআওওয়াযাতায়ন (কুল আউযু বিরাক্বিল ফালাক ও কুল আউযু বিরাক্বিন নাস) তিন বার পাঠ করবে; তবে তা সব কিছুর ক্ষেত্রে তোমার জন্য যথেষ্ট হবে।

হাসান, তালীকুর রাগীব ১/২২৪, আল কালিমুত তাইয়্যিব ১৯/৭, তিরমিজী হাদিস নম্বরঃ ৩৫৭৫ [আল মাদানী প্রকাশনী]

হাদীসটি এই সূত্রে হাসান-সাহীহ-গারীব। আবু সাঈদ বাররাদ (রহঃ) হলেন আসীদ ইবন আবু আসীদ মাদানী।

English

Mu`adh bin `Abdullah bin Khubaib, narrated from his father, who said: "We went out on a rainy and extremely dark night, looking for the Messenger of Allah (ﷺ), so that he could lead us in Salat." He said: "So I met him and he (ﷺ) said: 'Speak' but I did not say anything. Then he (ﷺ) said: 'Speak.' But I did not say anything. He (ﷺ) said: 'Speak.' So I said: 'What should I say?' He (ﷺ) said: 'Say: "Say: He is Allah, the One" and Al-Mu`awwidhatain, when you reach evening, and when you reach morning, three times, they will suffice you against everything.'"

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন খুবায়ব (রহঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=38977>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন